

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা

শুদ্ধাচার নৈতিকতা কমিটির ৪/১৯ নং সভার কার্যবিবরণী


সভাপতি : মুহাম্মদ দিলোয়ার বখ্ত
সচিব
দুর্নীতি দমন কমিশন।
সভার স্থান : সচিব এর দাপ্তরিক কক্ষ, দুর্নীতি দমন কমিশন,
প্রধান কার্যালয়, ঢাকা।
তারিখ : ৩০ জুন, ২০১৯।
সময় : বেলা ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। প্রথমেই গত ২৭ মার্চ ২০১৯ তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার নৈতিকতা কমিটির ৩/১৯ নং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। এছাড়া চতুর্থ কোয়ার্টারের যেসব বিষয়ে এখনো লক্ষ্য অর্জন করা সম্ভব হয় নি সেগুলো চিহ্নিত করে সেগুলো বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়। এরপর, আগামী ৩ জুলাইয়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে “দুর্নীতি দমন কমিশনের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা” প্রেরণের নিমিত্ত প্রণীত ২০১৯-২০ অর্থবছরের খসড়া জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোটি পর্যালোচনা করা হয়। অতঃপর, বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	দুর্নীতি দমন কমিশনে উত্তম চর্চার একটি তালিকা প্রস্তুত করতে হবে	মহাপরিচালক (প্রশাসন)
২.	২০১৮-১৯ অর্থবছরের চতুর্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জনে ‘গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ-১৯৮২’, ‘গণকর্মচারী আচরণ বিধিমালা-১৯৭৯’ এবং ‘সচিবালয় নির্দেশমালা ২০১৪’ প্রভৃতি বিষয়ে অন্তত ০১(এক) দিনের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দিয়ে পরিচালক(প্রশিক্ষণ) কে একটি ইউ ও নোট প্রেরণ করতে হবে	মহাপরিচালক (প্রতিরোধ)
৩.	বিভাগীয় কার্যালয় ও সমন্বিত জেলা কার্যালয়সমূহের অংশগ্রহণে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সভা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে	মহাপরিচালক (প্রশাসন) ও সিস্টেম অ্যানালিস্ট
৪.	মন্ত্রিপরিষদ বিভাগের ফরমেট অনুযায়ী সিটিজেনস্ চার্টার প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে	মহাপরিচালক (প্রশাসন)
৫.	ইনোভেশন বক্স স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে	মহাপরিচালক (প্রশাসন)
৬.	২০১৯-২০২০ অর্থবছরের শুদ্ধাচার পরিবীক্ষণ কাঠামোর ৬নং কার্যক্রম (প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার) সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে চলমান তিনটি প্রকল্পের প্রকল্প পরিচালকদের নিয়ে একটি সভা আয়োজন করা হবে	মহাপরিচালক (প্রশাসন)

৭.	দুদকের হট-লাইন নাম্বার ১০৬ সহ অন্যান্য সরকারি সেবা প্রদানকারী হট-লাইন নাম্বারসমূহ দুদকের ওয়েবসাইটে প্রকাশ করা হবে	সিস্টেম অ্যানালিস্ট
৮.	২০১৯-২০২০ অর্থবছরের শুদ্ধাচার পরিবীক্ষণ কাঠামোর ৪.৪ নং (স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরন) কার্যক্রমের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্টদের নিয়ে একটি সভা আয়োজন করা হবে	মহাপরিচালক (প্রশাসন)
৯.	GRS সেবাবক্স স্থাপন এবং GRS সেবাবক্স হালনাগাদের বিষয়ে করণীয় নিয়ে আগামী একমাসের মধ্যে একটি রিপোর্ট প্রদান করা হবে	মহাপরিচালক (প্রশাসন)
১০.	অফিস ব্যবস্থাপনা/চাকরি বিধিমালা এবং NIS সংক্রান্ত যেসকল প্রশিক্ষণ ২০১৯-২০২০ অর্থবছরে বাস্তবায়ন করতে হবে সে বিষয়ে প্রতিরোধ অনুবিভাগের সাথে আলোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে	মহাপরিচালক (প্রশাসন) ও মহাপরিচালক (প্রতিরোধ)
১১.	“শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০১৭” পর্যালোচনা এবং তদনুযায়ী দুদক কর্মকর্তা/কর্মচারীদের জন্য পুরস্কার প্রবর্তনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এবিষয়ে সকলকে অবহিত করতে হবে	মহাপরিচালক (প্রশাসন)
১২.	পরীক্ষামূলকভাবে প্রশাসন অনুবিভাগের জন্য ই-ফাইলিং কার্যক্রম শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে	মহাপরিচালক (প্রশাসন)
১৩.	মন্ত্রিপরিষদ ওয়েবসাইটে প্রদত্ত “আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০২০” কাঠামোতে দুদকের মাঠ পর্যায়ের/সজেকা কর্তৃক পূরণ করে প্রধান কার্যালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করতে হবে	মহাপরিচালক (প্রতিরোধ)

পরিশেষে, সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করা হয়।


মুহাম্মদ দিলোয়ার বখত
সচিব
দুনীতি দমন কমিশন।

২৭/০৩/২০১৯ তারিখে অনুষ্ঠিত গুদ্বাচার নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভায় উপস্থিত সদস্যদের তালিকা:

ক্রমিক নং	নাম	পদবী
০১.	জনাব মোঃ মোস্তাফিজুর রহমান	মহাপরিচালক (তদন্ত-১)
০২.	জনাব সারোয়ার মাহমুদ	মহাপরিচালক (প্রতিরোধ)
০৩.	জনাব আ.ন.ম. আল ফিরোজ	মহাপরিচালক (মানিলভারিং)
০৪.	জনাব সাঈদ মাহবুব খান	মহাপরিচালক (বিশেষ তদন্ত)
০৫.	জনাব জালাল সাইফুর রহমান	পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)